

নূরানী ৪০ হাদিস শরীফ

نوراني چاليهہ حديث شريف

মারকাযুল ঈমান - দাওয়াহ্ বিভাগ (Qism ad-Dawah wa at-Takwin)

নূরানী পদ্ধতিতে কুরআন শিক্ষা সিলেবাসভুক্ত বিশুদ্ধ আরবি হরকত, সাবলীল উচ্চারণ, সহজ বাংলা অর্থ ও নির্ভরযোগ্য কিতাবের পৃষ্ঠাসহ নির্ভুল উপস্থাপনা।

أَخْلِصْ دِينَكَ يَكْفِكَ الْعَمَلُ الْقَلِيلُ

উচ্চারণ: আখলিস দীনাকা ইয়াকফিকাল 'আমালুল ক্বালীল

"তোমার ঈমানকে খাঁটি কর, অল্প আমলই নাজাতের জন্য যথেষ্ট হইবে।"

📖 সূত্র: মিশকাত (হযরত মু'আয বিন জাবাল রা.)

خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ

উচ্চারণ: খাইরুকুম মান তা'আল্লামাল কুরআনা ওয়া 'আল্লামাহু

"তোমাদের মধ্যে ঐ ব্যক্তি উত্তম, যে নিজে কুরআন মাজীদ শিক্ষা করে এবং অপরকে শিক্ষা দেয়।"

📖 সূত্র: বুখারী (হযরত উসমান রা.)

طَلَبُ الْعِلْمِ فَرِيضَةٌ عَلَى كُلِّ مُسْلِمٍ

উচ্চারণ: ত্বলাবুল 'ইলমি ফারীদাতুন 'আলা কুল্লি মুসলিম

"দ্বীনি ইলম অন্বেষণ করা প্রত্যেক মুসলমানের উপর ফরজ।"

📖 সূত্র: মিশকাত / ইবনে মাজাহ (হযরত আনাস রা.)

الطُّهُورُ شَطْرُ الْإِيمَانِ

উচ্চারণ: আত-তুহূরু শাতরুল ঈমান

"পবিত্রতা ঈমানের অঙ্গ।"

📖 সূত্র: মুসলিম (হযরত আবু মালিক আল-আশ'আরী রা.)

مِفْتَاحُ الْجَنَّةِ الصَّلَاةُ

উচ্চারণ: মিফতাহুল জান্নাতিস সালাত

"নামায বেহেশতের চাবি।"

📖 সূত্র: মিশকাত (হযরত জাবির রা.)

أَوَّلُ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ يَوْمَ الْقِيَامَةِ الصَّلَاةُ

উচ্চারণ: আউয়ালু মা ইউহাসাবু বিহিল 'আবদু ইয়াওমাল কিয়ামাতিত সালাত

"কিয়ামতের দিন সর্বপ্রথম বান্দার নামাযের হিসাব গ্রহণ করা হইবে।"

📖 সূত্র: মিশকাত (হযরত আনাস রা.)

فَضْلُ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَضْلِي عَلَى أَدْنَاكُمْ

উচ্চারণ: ফাদলুল 'আলিমি 'আলাল 'আবিদি কাফাদলী 'আলা আদনাকুম

"আবেদের উপর আলেমের মর্যাদা তদ্রূপ, যেমন তোমাদের সাধারণ ব্যক্তির উপর আমার মর্যাদা।"

📖 সূত্র: তিরমিযী (হযরত আবু উমামা রা.)

اَلدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ

উচ্চারণ: আদ-দু'আউ হুয়াল 'ইবাদাহ

"দু'আই ইবাদত।"

مَنْ لَّمْ يَسْأَلِ اللّٰهَ يَغْضَبْ عَلَيْهِ

উচ্চারণ: মাল্লাম ইয়াস'আলিল্লাহু ইয়াগদাব 'আলাইহ

"যে ব্যক্তি আল্লাহ তা'আলার নিকট দু'আ করে না; আল্লাহ তা'আলা তাহার উপর রাগান্বিত হন।"

📖 সূত্র: মিশকাত পৃ. ১৯৫ (হযরত আবু হুরায়রা রা.)

لَا يَرْحَمُ اللّٰهُ مَنْ لَّا يَرْحَمُ النَّاسَ

উচ্চারণ: লা ইয়ারহামুল্লাহু মাল্লা ইয়ারহামুন নাস

"আল্লাহ তাআলা ঐ ব্যক্তির উপর রহম করেন না, যে মানুষের উপর রহম করে না।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪১ (হযরত জাবির বিন আব্দুল্লাহ রা.)

اَلْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ مِنْ لِّسَانِهٖ وَيَدِهٖ

উচ্চারণ: আল-মুসলিমু মান সালিমাল মুসলিমূনা মিল লিসানিহি ওয়া ইয়াদিহি

"খাঁটি মুসলমান ঐ ব্যক্তি, যাহার হাত ও মুখ হইতে অপর মুসলমান নিরাপদ থাকে।"

حُبُّ الدُّنْيَا رَأْسُ كُلِّ خَطِيئَةٍ

উচ্চারণ: হুব্বুদ দুনয়া রা'সু কুল্লি খাতি'আহ

"দুনিয়ার মুহাব্বাত সমস্ত গুনাহের মূল।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪৪ (হযরত হুযাইফা রা.)

إِنَّمَا الْأَعْمَالُ بِالْخَوَاتِيمِ

উচ্চারণ: ইন্নামাল আ'মালু বিল খাওয়াতিম

"শেষ আমলই নির্ভরযোগ্য।"

📖 সূত্র: মিশকাত পৃ. ২ (হযরত সাহল বিন সা'দ রা.)

تُحْفَةُ الْمُؤْمِنِ الْمَوْتُ

উচ্চারণ: তুহফাতুল মু'মিনিল মাওত

"ঈমানদারদের জন্য মৃত্যু উপহারস্বরূপ।"

📖 সূত্র: মিশকাত পৃ. ১৪ (হযরত আব্দুল্লাহ বিন আমর রা.)

كَفَى بِالْمَرْءِ كَذِبًا أَنْ يُّحَدِّثَ بِكُلِّ مَا سَمِعَ

উচ্চারণ: কাফা বিল মার'ই কাযিবান আইয়ুহাদ্দিছা বিকুল্লি মা সামি'আ

"যাহা শুনে তাহাই বলিতে থাকা, কোন ব্যক্তির মিথ্যাবাদী হওয়ার জন্য ইহাই যথেষ্ট।"

لَا يَدْخُلُ الْجَنَّةَ جَسَدٌ غُذِّيَ بِالْحَرَامِ

উচ্চারণ: লা ইয়াদখুলুল জান্নাতা জাসাদুন গুযযিয়া বিল হারাম

"হারাম ভক্ষণকারীর শরীর বেহেশতে প্রবেশ করিবে না।"

📖 সূত্র: মিশকাত পৃ. ২৪২ (হযরত আবু বকর রা.)

بَلِّغُوا عَنِّي وَلَوْ آيَةً

উচ্চারণ: বাল্লিগূ 'আন্নী ওয়ালাও আয়াহ

"আমার পক্ষ হইতে একটি বাণী হইলেও পৌঁছাইয়া দাও।"

📖 সূত্র: মিশকাত পৃ. ২ (হযরত আব্দুল্লাহ বিন আমর রা.)

مَنْ صَمَتَ نَجَا

উচ্চারণ: মান সামাতা নাজা

"যে চুপ থাকে সে নাজাত পায়।"

إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ

উচ্চারণ: ইন্নামাল আ'মালু বিন নিয়্যাত

"সমস্ত কাজই নিয়তের উপর নির্ভর করে।"

📖 সূত্র: মিশকাত পৃ. ১১ (হযরত ওমর বিন খাত্তাব রা.)

لَا يَدْخُلُ الْجَنَّةَ قَتَّاتٌ

উচ্চারণ: লা ইয়াদখুলুল জান্নাতা ক্বাত্তাত

"চোগলখোর (পরোক্ষ নিন্দাকারী) বেহেশতে প্রবেশ করিবে না।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪১১ (হযরত হুযাইফা রা.)

لَا يَدْخُلُ الْجَنَّةَ قَاطِعٌ

উচ্চারণ: লা ইয়াদখুলুল জান্নাতা ক্বাতি'

"আত্মীয়তা ছিন্নকারী বেহেশতে প্রবেশ করিবে না।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪১৯ (হযরত যুবাইর বিন মুত'ইম রা.)

الظُّلْمُ ظُلُمَاتٌ يَوْمَ الْقِيَامَةِ

উচ্চারণ: আজ-জুলমু জুলুমাতুই ইয়াওমাল কিয়ামাহ

"যুলুম কিয়ামতের দিন ভীষণ অন্ধকার হইয়া দেখা দিবে।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪৩৪ (হযরত ইবনে উমর রা.)

اَلْغِنَى غِنَى النَّفْسِ

উচ্চারণ: আল-গিনা গিনান নাফস

"প্রকৃত ধনী আত্মার ধনী।"

كُلُّ بِدْعَةٍ ضَلَالَةٌ

উচ্চারণ: কুল্লু বিদ'আতিন দ্বালালাহ

"প্রত্যেক বিদআত গোমরাহী বা পথভ্রষ্টতা।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৭ (হযরত জাবির রা.)

عَمُّ الرَّجُلِ صِنْوُ أَبِيهِ

উচ্চারণ: 'আম্মুর রাজুলি সিনউ আবীহ

"চাচা বাপের মত।"

اَلْمُسْلِمُ أَخُو الْمُسْلِمِ

উচ্চারণ: আল-মুসলিমু আখুল মুসলিম

"মুসলমান মুসলমানের ভাই।"

أَحَبُّ الْبِلَادِ إِلَى اللَّهِ مَسَاجِدُهَا وَأَبْغَضُ الْبِلَادِ إِلَى اللَّهِ أَسْوَاقُهَا

উচ্চারণ: আহাব্বুল বিলাদি ইলাল্লাহি মাসাজিদুহা ওয়া আবগাদুল বিলাদি ইলাল্লাহি আসওয়াকুহা

"আল্লাহ তাআলার নিকট সবচেয়ে প্রিয় জায়গা মসজিদ এবং সবচেয়ে খারাপ জায়গা বাজার।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৬৮ (হযরত আবু হুরায়রা রা.)

إِيَّاكُمْ وَالْحَسَدَ فَإِنَّ الْحَسَدَ يَأْكُلُ الْحَسَنَاتِ كَمَا تَأْكُلُ النَّارُ الْحَطَبَ

উচ্চারণ: ইয়্যাকুম ওয়াল হাসাদা ফাইন্নাল হাসাদা ইয়া'কুলুল হাসানাত কামা তা'কুলুন নারুল হাতাব

"হিংসা হইতে দূরে থাক। কেননা হিংসা নেকীকে ধ্বংস করিয়া দেয়। যেমন আগুন শুকনা কাঠকে।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪১৪ (হযরত আবু হুরায়রা রা.)

أَكْثِرُوا ذِكْرَ هَاذِمِ اللَّذَّاتِ الْمَوْتَ

উচ্চারণ: আকছিরু যিকরা হাযিমিল লাযযাতিল মাওত

"তোমরা অধিক পরিমাণে মৃত্যুকে স্মরণ কর। কেননা মৃত্যু দুনিয়ার স্বাদকে ধ্বংস করিয়া দেয়।"

📖 সূত্র: মিশকাত পৃ. ১৪০ (হযরত আবু হুরায়রা রা.)

لَا تَدْخُلُ الْمَلَائِكَةُ بَيْتًا فِيهِ كَلْبٌ وَلَا تَصَاوِيرُ

উচ্চারণ: লা তাদখুলুল মালাইকাতু বাইতান ফীহি কালবুও ওয়ালা তাসাওয়ীর

"ঐ ঘরে রহমতের ফেরেশতা প্রবেশ করে না, যেই ঘরে কুকুর বা জীবজন্তুর ছবি থাকে।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৩৮৫ (হযরত আলী / আবু তালহা রা.)

مَا أَسْفَلَ مِنَ الْكَعْبَيْنِ مِنَ الْإِزَارِ فِي النَّارِ

উচ্চারণ: মা আসফালা মিনাল কা'বাইনি মিনাল ইযারি ফিন নার

"টাখনুর নিচের যেই অংশ পায়জামা বা লুঙ্গি দ্বারা ঢাকা থাকে, তাহা দোযখে যাইবে।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৩৭৩ (হযরত আবু হুরায়রা রা.)

أَشَدُّ النَّاسِ عَذَابًا عِنْدَ اللَّهِ الْمُصَوِّرُونَ

উচ্চারণ: আশাদ্দুন নাসি 'আযাবান 'ইন্দাল্লাহিল মুসাব্বিরুন

"ছবি বানানো ওয়ালাগন আল্লাহ তাআলার নিকট ভীষণ শাস্তি ভোগ করিবে।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৩৮৫ (হযরত আবু হুরায়রা রা.)

أَنَا خَاتَمُ النَّبِيِّينَ لَا نَبِيَّ بَعْدِي

উচ্চারণ: আনা খাতামুন নাবিয়্যীনা লা নাবিয়্যা বা'দী

"আমিই শেষ নবী, আমার পরে আর কোন নবী আসিবে না।"

📖 সূত্র: তিরমিযী (হযরত উকবাহ / ছাওবান রা.)

مَنْ سَتَرَ مُسْلِمًا سَتَرَهُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ

উচ্চারণ: মান সাতারা মুসলিমাস সাতারাহুল্লাহু ফিদ দুনয়া ওয়াল আখিরাহ

"যেই ব্যক্তি কোন মুসলমানের দোষ গোপন রাখিবে, আল্লাহ তাআলা দুনিয়া ও আখেরাতে তাহার দোষ গোপন রাখিবেন।"

📖 সূত্র: মিশকাত পৃ. ২২ (হযরত আবু হুরায়রা রা.)

لَا تَتَّخِذُوا الْقُبُورَ مَسَاجِدَ

উচ্চারণ: লা তাত্তাকিযুল কুবূরা মাসাজিদ

"কবরকে সিজদা করিও না।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৬৮ (হযরত জুনদুব রা.)

كُنْ فِي الدُّنْيَا كَأَنَّكَ غَرِيبٌ أَوْ عَابِرُ سَبِيلٍ

উচ্চারণ: কুন ফিদ দুনয়া কা'আন্নাকা গারীবুন আও 'আবিরু সাবীল

"দুনিয়াতে এমনিভাবে থাকো, যেমন কোন মুসাফির বা পথিক থাকে।"

📖 সূত্র: মিশকাত পৃ. ১৩১ (হযরত ইবনে উমর রা.)

إِنَّ الْعُلَمَاءَ وَرَثَةُ الْأَنْبِيَاءِ

উচ্চারণ: ইন্নাল 'উলামা-আ ওয়ারাসাতুল আম্বিয়া

"আলেমগণই পয়গম্বরগণের ওয়ারিস (উত্তরসূরী)।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৩৪ (হযরত কাসীর বিন কায়স রা.)

الدَّالُّ عَلَى الْخَيْرِ كَفَاعِلِهِ

উচ্চারণ: আদ-দালু 'আলাল খাইরি কাফা'ইলিহ

"যেই ব্যক্তি কোন ভাল কাজের পথ দেখায়, সে ঐ ভাল কাজ করার মত সওয়াব পায়।"

📖 সূত্র: জামে সাগীর

زِنَا الْعَيْنِ النَّظَرُ

উচ্চারণ: জিনাল 'আইনিন নাযার

"চোখের যেনা হইল, দেখা।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৮ (হযরত আবু হুরায়রা রা.)

مَنْ يُحْرَمِ الرِّفْقَ يُحْرَمِ الْخَيْرَ

উচ্চারণ: মাই ঁইউহরামির রিফকা ইউহরামাল খাইর

"যে নম্রতা হইতে বঞ্চিত, সে কল্যাণ থেকে বঞ্চিত।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪১ (হযরত জারীর রা.)

لَيْسَ الشَّدِيدُ بِالصُّرَعَةِ إِنَّمَا الشَّدِيدُ الَّذِي يَمْلِكُ نَفْسَهُ عِنْدَ الْغَضَبِ

উচ্চারণ: লাইসাশ শাদীদু বিস সুরা'আহ, ইন্নামাশ শাদীদুল্লাযী ইয়ামলিকু নাফসাহু 'ইন্দাল গাদাব

"ঐ ব্যক্তি বীর নয়, যে লোকদেরকে ভূ-লুণ্ঠিত করে, বরং বীর ঐ ব্যক্তি, যে ক্রোধের সময় নিজেকে নিয়ন্ত্রণ করিতে পারে।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪৪৪ (হযরত আবু হুরায়রা রা.)

إِذَا لَمْ تَسْتَحْيِ فَاصْنَعْ مَا شِئْتَ

উচ্চারণ: ইযা লাম তাস্তাহি ফাসনা' মা শি'ত

"যদি তোমার লজ্জা না থাকে, তাহা হইলে যাহা ইচ্ছা তাহাই করিতে পার।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪১০ (হযরত ইবনে মাসউদ রা.)

أَحَبُّ الْأَعْمَالِ إِلَى اللَّهِ أَدْوَمُهَا وَإِنْ قَلَّ

উচ্চারণ: আহাব্বুল আ'মালি ইলাল্লাহি আদওয়ামুহা ওয়া ইন কল্লা

"আল্লাহ তাআলার নিকট ঐ আমল সবচেয়ে বেশী প্রিয়, যাহা সদা সর্বদা করা হয়, যদিও তাহা অল্প হয়।"

📖 সূত্র: মিশকাত পৃ. ১১০ (হযরত আয়েশা রা.)

إِنَّ مِنْ أَحَبِّكُمْ إِلَيَّ أَحْسَنَكُمْ أَخْلَاقًا

উচ্চারণ: ইন্না মিন আহাব্বিকুম ইলাইয়্যা আহসানাকুম আখলাক্বা

"তোমাদের মধ্যে আমার নিকট ঐ ব্যক্তি বেশী প্রিয়, যে বেশী চরিত্রবান।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪১ (হযরত আব্দুল্লাহ বিন আমর রা.)

الدُّنْيَا سِجْنُ الْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ

উচ্চারণ: আদ-দুনয়া সিজনুল মু'মিনি ওয়া জান্নাতুল কাফির

"দুনিয়া মুসলমানদের জন্য কয়েদখানা এবং কাফেরদের জন্য বেহেশতখানা।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪৩৯ (হযরত আবু হুরায়রা রা.)

لَا يَحِلُّ لِلرَّجُلِ أَنْ يَهْجُرَ أَخَاهُ فَوْقَ ثَلَاثِ لَيَالٍ

❖ ——— ✦ ——— ❖

উচ্চারণ: লা ইয়াহিল্লু লিররাজুলি আইঁ ইয়াহজুরা আখাহু ফাওকা সালাছি লায়াল

"কোন ব্যক্তির জন্য তাহার অন্য কোন ভাইয়ের সহিত তিন দিনের বেশী সম্পর্ক ছিন্ন করিয়া থাকা জায়েয নাই।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪২২ (হযরত আবু আইয়ুব আনসারী রা.)

لَا يُلْدَغُ الْمُؤْمِنُ مِنْ جُحْرٍ وَاحِدٍ مَرَّتَيْنِ

উচ্চারণ: লা ইউলদাগুল মু'মিনু মিন জুহরিও ওয়াহিদিম মাররাতাইন

"কোন মুমিন একই গর্তে দুইবার দংশিত হয় না।"

📖 সূত্র: মিশকাত পৃ. ৪৪৪ (হযরত আবু হুরায়রা রা.)

🤲 বিতির নামাযের দোয়া কুনুত (دعاء القنوت)

اَللّٰهُمَّ إِنَّا نَسْتَعِينُكَ وَنَسْتَغْفِرُكَ وَنُؤْمِنُ بِكَ وَنَتَوَكَّلُ عَلَيْكَ وَنُثْنِي عَلَيْكَ الْخَيْرَ وَنَشْكُرُكَ وَلَا نَكْفُرُكَ وَنَخْلَعُ وَنَتْرُكُ مَنْ يَفْجُرُكَ ❖ اَللّٰهُمَّ إِيَّاكَ نَعْبُدُ وَلَكَ نُصَلِّي وَنَسْجُدُ وَإِلَيْكَ نَسْعَى وَنَحْفِدُ وَنَرْجُو رَحْمَتَكَ وَنَخْشَى عَذَابَكَ إِنَّ عَذَابَكَ بِالْكُفَّارِ مُلْحِقٌ

উচ্চারণ: *আল্লাহুম্মা ইন্না নাসতা'ঈনুকা ওয়া নাসতাগফিরুকা ওয়া নু'মিনু বিকা ওয়া নাতাওয়াক্কালু 'আলাইকা ওয়া নুছনী 'আলাইকাল খাইর, ওয়া নাশকুরুকা ওয়ালা নাকফুরুক, ওয়া নাখলা'উ ওয়া নাতরুকু মাই-ইয়াফজুরুক। আল্লাহুম্মা ইয়্যাকা না'বুদু ওয়া লাকা নুসল্লী ওয়া নাসজুদ, ওয়া ইলাইকা নাস'আ ওয়া নাহফিদ, ওয়া নারজু রাহমাতাকা ওয়া নাখশা 'আযাবাকা, ইন্না 'আযাবাকা বিল কুফফারি মুলহিক্ব।*

অর্থ: "হে আল্লাহ! আমরা আপনারই নিকট সাহায্য প্রার্থনা করিতেছি, আপনার নিকট ক্ষমা চাহিতেছি, আপনারই প্রতি ঈমান আনিতেছি, আপনারই উপর ভরসা করিতেছি এবং আপনার উত্তম প্রশংসা করিতেছি। আমরা আপনার কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি, আপনার অকৃতজ্ঞতা করিতেছি না। যে আপনার নাফরমানি করে, আমরা তাহাকে বর্জন করিতেছি ও তাহার সহিত সম্পর্ক ছিন্ন করিতেছি। হে আল্লাহ! আমরা কেবল আপনারই ইবাদত করি, কেবল আপনারই জন্য নামায পড়ি ও সিজদা করি। আমরা আপনারই দিকে দৌড়াই ও আপনার আনুগত্যের জন্য প্রস্তুত হই। আমরা আপনার রহমতের আশা করি এবং আপনার শাস্তিকে ভয় করি। নিশ্চয়ই আপনার শাস্তি কাফেরদের উপর আপতিত হইবে।"

📖 সূত্র: বিতির নামাযের দোয়া কুনুত (মুসান্নাফ ইবনে আবী শায়বা, সুনানুল কুবরা লিল বায়হাকী)



جَزَاكُمُ اللَّهُ خَيْرًا

আল্লাহ তাআলা আমাদের সকলকে হাদিসগুলো মুখস্থ ও আমল করার তাওফীক দান করুন। আমীন।

মারকাযুল ঈমান - দাওয়াহ্ বিভাগ

Qism ad-Dawah wa at-Takwin